

খাতওয়ারী আগস্ট ২০২০ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড আগস্ট ২০২০ মাসে সর্বমোট ৯০ কোটি ০৮ লক্ষ ৮৪ হাজার ০৫০ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** আগস্ট ২০২০ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ০৩ কোটি ৫২ লক্ষ ৯৩ হাজার টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	বার্থিং হাউজার	২৫০ মিটার	২,১০,০০০/০০
২।	ডিজেল	২০,১০০ লিটার	১৩,০৬,৫০০/০০
৩।	ড্রাম	৫৫ টি	২৭,৫০০/০০
৪।	ট্রাক	০২ টি	৪০,০০,০০০/০০
৫।	বান্ধহেড	০১ টি	-
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৫ টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	১,৩৯,২৪,০০০ মিটার	৪৮,৭৩,৪০,০০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	১,২৪৫ টি	৮,৯৭,২৫,০০০/০০
৩।	অন্যান্য জাল	৩৭,৩৭,০১০ মিটার	২৭,৩৮,১৩,৮০০/০০
৪।	জাটকা	৩৫ কেজি	১২,২৫০/০০
৫।	রেনু পোনা	৭১,৫০,০০০ পিস	১,৪৩,০০,০০০/০০
৬।	বোট	০৭ টি	৪,০০,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৯৮,৩৬৭ পিস	২,৯৫,১০,১০০/০০
২।	গাঁজা	১,৫৩০ গ্রাম	৪৫,৯০০/০০
৩।	মোটর সাইকেল	০১ টি	১,৩৫,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১১৬ ঘনফুট	৫৮,০০০/০০
পরিবেশে রক্ষা			
১।	হরিণের চামড়া	০৩ টি	-
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১২ জন	-
উদ্ধার অভিযান			
১।	যাত্রী/মারি উদ্ধার	৫৯ জন	-
২।	মৃতদেহ	০৩ টি	-
	বোট উদ্ধার	০২ টি	-
সর্বমোট			৯০,০৮,৮৪,০৫০/০০

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে আগস্ট ২০২০ মাসে সর্বমোট ৮৬ কোটি ৫৫ লক্ষ ৯১ হাজার ০৫০ টাকার ১,৩৯,২৪,০০০ মিটার কারেন্ট জাল, ৩৭,৩৭,০১০ মিটার অন্যান্য জাল, ১,২৪৫ টি বেহন্দি/মশারি জাল, ৩৫ কেজি জাটকা, ৭১,৫০,০০০ পিস রেনু পোনা ও ০৭টি বোট আটক করা হয়।

৪। **ডাকাত বিরোধী বিশেষ অভিযান।** গত ১৪ আগস্ট ২০২০ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি স্টেশন পাথরঘাটা কর্তৃক বরগুনা জেলার পাথরঘাটা থানাধীন ০৪ নং সদর পাথরঘাটা ইউনিয়নের পদ্মা সুলাইজ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে কোস্ট গার্ড টহল দল ০১ জন ডাকাতসহ ০৫টি দেশীয় বন্দুক আটক করে। পরবর্তীতে আটককৃত ডাকাত ও উদ্ধারকৃত অস্ত্র পাথরঘাটা থানায় হস্তান্তর করা হয়।

৫। উদ্ধার অভিযান।

(ক) গত ০১ আগস্ট ২০২০ তারিখে কলাপাড়া থানার রাবনাবাদ চ্যানেলের পশুর বুনিয়া নদী এলাকায় বিসিজি স্টেশন রাবনাবাদ কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০১ টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ কলাপাড়া থানায় হস্তান্তর করা হয়।

(খ) গত ১৬ আগস্ট ২০২০ তারিখে কোটওয়ালী থানার দপদপিয়া এ্যাংকর সিমেন্ট জেটি এলাকায় বিসিজিএস বগুড়া ও বিসিজিএস পাবনার যৌথ টহল দল কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০১ টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ কলাপাড়া থানায় হস্তান্তর করা হয়।

(গ) গত ১৭ আগস্ট ২০২০ তারিখে ০১টি দেশীয় বোট দয়াল নবীজি সমুদ্র এলাকায় (২৯৭ পতেঙ্গা পয়েন্ট বাতি ১৫ নটিক্যাল মাইল) ইঞ্জিন বিকল হয়ে ০৩ দিন যাবৎ ভাসতে থাকে। এ সময়ে সমুদ্রে টহলে নিয়োজিত বিসিজিএস সবুজ বাংলা কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে বোটসহ ৩৫ জন জেলেকে জীবিত উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদের বোটসহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

(ঘ) গত ২০ আগস্ট ২০২০ তারিখে হাতিয়া থানার মেঘনা নদীর বাংলা বাজার চর এলাকায় ০১ টি টাগ বোট ০৬ জন ক্রুসহ ডুবে যায়। তৎক্ষণাৎ বিসিজি স্টেশন হাতিয়া কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০৪ জন ক্রুকে উদ্ধার করা হয় এবং উক্ত উদ্ধার অভিযানের অংশ হিসেবে ২২ আগস্ট ২০২০ তারিখে ০১ টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত ক্রু ও মৃতদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

(ঙ) গত ২৬ আগস্ট ২০২০ তারিখে ০১টি দেশীয় বোট সমুদ্র এলাকায় (১৮৬ কুতুবদিয়া বাতি ১১.৬ নটিক্যাল মাইল) বিকল হয়ে যায়। সে সময়ে সমুদ্রে টহলে নিয়োজিত বিসিজিএস সোনাদিয়া কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে বোটসহ ২০ জন জেলেকে জীবিত উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদের বোটসহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

৬। করোনা অভিযান। বর্তমান করোনা পরিস্থিতিতে কোস্ট গার্ড সদর দপ্তরসহ জোনসমূহের অপারেশান্স রুমে করোনা মনিটরিং সেল গঠনের মাধ্যমে সার্বক্ষণিক করোনা পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় সরকারের নির্দেশনা মোতাবেক লকডাউন নিশ্চিতকল্পে বাংলাদেশ কোস্ট গার্ড দায়িত্বাধীন এলাকাসমূহে গুরুত্বপূর্ণ স্থানে চেক পয়েন্ট স্থাপনকরতঃ নৌপথ ব্যবহার করে লঞ্চ/ট্রলার/বোটের মাধ্যমে ঢাকা/নারায়ণগঞ্জ হতে বিভিন্ন এলাকায় গমনে নিরুৎসাহিত করা, সামাজিক দূরত্ব নিশ্চিত করা ও সাধারণ জনগণের মধ্যে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হয়। এছাড়াও কোস্ট গার্ড কর্তৃক উপকূলীয় অঞ্চলের গরীব, দুঃস্থ জেলেদের মাঝে চিকিৎসা সামগ্রী ও ত্রাণ বিতরণ চলমান রয়েছে।